গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

পরিকল্পনা-৬ শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>সচিব |
| সভার তারিখ | ২৪ অক্টোবর ২০২১ |
| সভার সময় | দুপুর ২.৩০ ঘটিকা। |
| স্থান | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৬৩৩, ভবন নং-০৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষরের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

২.০ উপস্থাপনা

২.১ সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার বিষয়বস্তু উপস্থাপন করার জন্য প্রকল্প পরিচালক-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভাটি সরাসরি ও জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হয়।

৩.০ আলোচনা

৩.১ সভায় গত ১৬ জানুয়ারি, ২০২০ তারিখে অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটির ৩য় সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত ব্যবস্থা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অত:পর প্রকল্প পরিচালক জানান যে, "পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), রংপুর স্থাপন" শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পটি মোট ১৩৯১০.৫৭ লক্ষ (জিওবি) টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ অক্টোবর ২০১৪ - ৩০ জুন ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ৩০ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত মোট ১১৭৮৫.৮৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৮৪.৭৬% এবং বাস্তব অগ্রগতি ৯০.০০%।

৩.২ প্রকল্প পরিচালক সভাকে আরও অবহিত করেন যে, বর্তমানে লক্ষ্যমাত্রা অনুযায়ী সাধারণ হোস্টেল (মহিলা ও পুরুষ) ভবনের ১০০%, ডাইরেক্টর বাংলোর ৯৫%, ফ্যাকাল্টি কোয়ার্টারের ১০০%, ষ্টাফ কোয়ার্টারের ১০০% প্রশাসনিক কাম-অনুষদ ভবনের ৯৫%, টেকনোলজি বিল্ডিং ও মেডিকেল সেন্টারের ৯০%, ক্যাফেটেরিয়াসহ বিনোদন কেন্দ্র ও গেষ্ট হাউজের ৮০%, মসজিদের ১০০%, রাস্তা ও সংযোগ রাস্তার ৭০%, নিষ্কাশন কাঠামোর (ড্রেনেজ সিস্টেম) ৭০%, স্লুইচ গেটের ১০০%, খাল খননের ১০০%, পুকুর খননের ৭০% এপিএম ইউনিটের ৯৫%, টিস্যু কালচার ইউনিট ভবনের ১০০%, সেল্ফ হেল্প গ্রুপ ভবনের ৯০%, সীমানা প্রাচীর ও মেইন গেটের ৮০%, করিডোরের ৭০%, ওয়ার্কশপের ৭০%, ভূমি উন্নয়ন ও ল্যান্ড স্কেপিং এর ৮৫%, টেকনোলজী পার্কের (০৭টি ইউনিট) ১০০% কাজসহ অন্যান্য স্থাপনা ও অবকাঠামোর ৯৫% কাজ সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট কার্যক্রম আগামী জুন ২০২২ এর মধ্যে সম্পন্ন করা হবে।

৩.৩ প্রকল্প পরিচালক প্রকল্পের অব্যয়িত অর্থ দিয়ে অভ্যন্তরীণ রাস্তা সম্প্রসারণ, ক্যাফেটেরিয়া ভবনের ৬ষ্ঠ তলা সম্পন্নকরণ, প্রশাসনিক ভবনের পিছনের জলাশয়কে মাছ চাষের উপযোগীকরণ, প্রয়োজন অনুযায়ী মাটি ভরাটের কাজসহ খালপাড়ের সৌন্দর্য বৃদ্ধির জন্য পাড়ের চারিদিকে ঘাস লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব করলে সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকল সদস্য একমত পোষণ করেন।

৪.০ বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) পরিকল্পনা কমিশনকে অবহিত করে প্রকল্পের অব্যয়িত অর্থ দিয়ে ক্যাফেটেরিয়া ভবনের ৬ষ্ঠ তলা সম্পন্নকরণ, অভ্যন্তরীণ রাস্তা সম্প্রসারণ, প্রয়োজনীয় মাটি ভরাট কার্যক্রমসহ প্রশাসনিক ভবনের সামনের জলাশয়কে মাছ চাষের উপযোগী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) প্রকল্পের অবশিষ্ট কার্যক্রম আগামী জুন ২০২২ এর মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত ও Zoom Platform-এ অংশগ্রহণকারি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
সচিব

তারিখ: ১৯ কার্তিক ১৪২৮
০৪ নভেম্বর ২০২১

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৪৫.০৬.০০৬.১৬.৪৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৩) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সদস্য (অতিরিক্ত দায়িত্ব), সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৭) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
৮) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
৯) যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১০) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১১) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), এপিএ সেল, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১২) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৩) পরিচালক (প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ) (ভারপ্রাপ্ত), প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ বিভাগ, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
১৪) প্রকল্প পরিচালক, "পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), রংপুর স্থাপন" শীর্ষক প্রকল্প, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

ড. মোঃ গোলাম মোস্তফা
উপসচিব